# ২০২২
# বাংলা
## (অনার্স)
## (সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)
## তৃতীয় সেমেস্টার
## কোর্স কোড : BNGH-CC-T-6
## (উপন্যাস)

পূর্ণমান : ৬০ সময় : ২ ঘন্টা ৩০ মিনিট

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) 'কৃষ্ণকান্তের উইল' কবে, কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?

খ) কৃষ্ণকান্ত কেমন চরিত্রের মানুষ ছিলেন?

গ) ভ্রমরের পিতার নাম কী? তাঁর বাড়ি কোথায় ছিল?

ঘ) 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসে নিশাকর কে?

ঙ) 'এখন তিনিই আমার সম্পত্তি-তিনিই আমার ভ্রমর-ভ্রমরাধিক ভ্রমর'— কার উক্তি? 'তিনি' বলতে কাকে বোঝানো হয়েছে?

চ) বিমলার মা কেমন দেখতে ছিলেন?

(পরের পাতায়)

ছ) 'কিন্তু ফেরবার পথ বন্ধ হয়ে গেছে, আমাদের দুজনেরই'— কে বলেছে? আমরা কারা?

জ) 'ঘরে বাইরে' উপন্যাসে মিরজান কে? স্বদেশীরা তার কি ক্ষতি করেছিল?

ঝ) 'ঘরে বাইরে' কোন্ সাময়িক পত্রিকায় কবে, প্রথম প্রকাশিত হয়?

ঞ) অমূল্য বিমলাকে কী নামে ডাকত? সে বিমলার কাছে কি খেতে চেয়েছিল?

ট) 'শ্রীকান্ত' উপন্যাসে চাষীদের বুনো শূয়োর তাড়ানোর পদ্ধতি কি রকম ছিল?

ঠ) বহুরূপীর নাম কি? তার বাড়ি কোথায়?

ড) অমূল্য কোথা থেকে কত টাকা ডাকাতি করেছিল?

ঢ) 'শ্রীকান্ত' উপন্যাসে শাহজী কে? কীভাবে তার মৃত্যু হয়?

ণ) রতন ও ছট্টুলালের পরিচয় দাও।

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) 'সেই সময়ে ভ্রমর, একটা লাঠি লইয়া একটা বিড়াল মারিতে যাইতেছিল। বিড়াল মারিতে, লাঠি বিড়ালকে না লাগিয়া, ভ্রমরের কপালে লাগিল'— কোন্ সময় এই ঘটনা ঘটে? ভ্রমরের ভাগ্য বিপর্যয় কীভাবে এখানে বোঝানো হয়েছে?

খ) কৃষ্ণকান্তের শ্রাদ্ধকর্মের বিবরণ দাও।

গ) জমিদার হিসেবে নিখিলেশ ও হরিশ কুণ্ডুর পার্থক্য নির্ণয় করো।



ঘ) সন্দীপকে দেওয়ার জন্য বিমলা কোথা থেকে কিভাবে অর্থ সংগ্রহ করে?

ঙ) মেজদা ও তার ভাইয়ের পড়াশুনো কিভাবে চলত লেখো। কে কোন্ ক্লাসে পড়ত?

চ) 'সাপুড়ের ঘরে সাপ ঢুকেছে, এ ত বড় আশ্চর্য!'— কে বলেছে? সাপ কি করে ঢুকল? বক্তা এরপর কি করল? ১+২+২=৫

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসে রোহিণী চরিত্র বিশ্লেষণ করো।

খ) 'ঘরে বাইরে' উপন্যাসে সমকালীন রাজনীতি কতখানি গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছে বলে তোমার মনে হয়?

গ) 'কেবলই মনে হতে লাগল, আমি মরলেই সব বিপদ কেটে যাবে আমি যতক্ষণ বেঁচে আছি সংসারকে আমার পাপ নানা দিক থেকে মারতে থাকবে'— কার ভাবনা এটি? এই ভাবনার আলোকে চরিত্রটি ব্যাখ্যা করো।

ঘ) শ্রীকান্ত রাজলক্ষ্মীর জটিল সম্পর্কের স্বরূপ বিশ্লেষণ করো।

———